

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমিদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা  
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৪  
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
[www.ccie.dhaka.gov.bd](http://www.ccie.dhaka.gov.bd)

স্মারক নং-২৬.০৩.১১০০.০০৫.২১.১৩১.২৩-/৬৫৬৪

তারিখঃ ১৪ জানুয়ারি ২০২৪


অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩ জানুয়ারি, ২০২৪ তারিখ রোজ বুধবার আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর গেজেট প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটে নিবন্ধন সনদ নবায়নের ব্যাপারে অনুচ্ছেদ ৮ (১) ও ৮(২) এ নিম্নলিখিত বিধান রয়েছেঃ

৮ (১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যান্য ৬০ (ষাট) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদনকারীকে অনলাইনে ফরম-৩ অনুযায়ী উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র এবং তফসিলে উল্লিখিত ফিসহ অনলাইনে আবেদন দাখিল করিতে হইবে;

৮(২) যদি কোন আবেদনকারী উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি, তফসিলে উল্লিখিত বিলম্ব ফি প্রদান সাপেক্ষে, নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করিতে পারিবেন।

২। এমতাবস্থায়, অত্র দপ্তরের নবায়ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তাকে উক্ত বিধান প্রতিপালন পূর্বক নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ তারিকুল ইসলাম)  
উপনিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে

[dc.dhaka@ccie.gov.bd](mailto:dc.dhaka@ccie.gov.bd)

ফোন: ০২৪১০৫০২২৫

✓ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

স্মারক নং-২৬.০৩.১১০০.০০৫.২১.১৩১.২৩-

তারিখঃ ১৪ জানুয়ারি ২০২৪

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১। সদস্যবৃন্দ, ওএলএম সেবা পরিচর্যা কমিটি, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (OLM এ প্রয়োজনীয় সংস্কার সাধনের অনুরোধসহ)।

২। সহকারী নিয়ন্ত্রক (প্রশাসন শাখা), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৩। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৪। ব্যক্তিগত সহকারী, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৫। অফিস কপি।

(মোঃ তারিকুল ইসলাম)

উপনিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে